



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

কার্যালয়ঃ শিক্ষা বোর্ড ভবন-১, পুলহাট, দিনাজপুর।

Web: www.dinajpureducationboard.gov.bd. email: dinajpureducationboard@gmail.com

স্মারক নং-

তারিখ :

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

সূত্র : অত্র শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক ও উপ-বিদ্যালয় পরিদর্শক মহোদয়ের পরিদর্শনের তারিখ : ০৪/০৩/২০১৭ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিদেশক্রমে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন গোপালচরণ দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়টিতে ০১/০১/২০১৬ইং তারিখ হতে ৩১/১২/২০১৮ইং তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর সময় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে স্বীকৃতি নবায়ন করা হ'ল।

শর্তাবলী :

১. শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং অধ্যয়নরত শিক্ষার্থীর ন্যূনতম ৯৮% এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
২. এস এস সি পরীক্ষার ফলাফল ন্যূনতম ৯৯% উন্নীত করতে হবে।
৩. অনতিবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে।
৪. অভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং প্রজ্ঞাপনের ৪৭ ধারা অনুযায়ী অডিট রিপোর্ট কমিটির সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন করাতে হবে।
৫. শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে বছরে ন্যূনতম একবার ছাত্র-অভিভাবক সমাবেশ করতে হবে।
৬. লাইব্রেরীতে বইয়ের সংখ্যা- ২০০০ এ উন্নীত করতে হবে এবং রেজিস্টারের মাধ্যমে বই শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে বিতরণের ব্যবস্থা করতে হবে।
৭. ছাত্র-শিক্ষক সমাবেশে জঙ্গী ও ইভটিজিং বিরোধী সচেতনতা সৃষ্টি করতে হবে।

স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের ০৩ (তিন) মাস পূর্বে যথানিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপূরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

প্রাপক,
প্রধান শিক্ষক
গোপালচরণ দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়
ডাকঘরঃ সুন্দরগঞ্জ, উপজেলাঃ সুন্দরগঞ্জ,
জেলাঃ গাইবান্ধা।

(মোঃ আলতাফ হোসেন)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং- ২১৫৩/৬০২/৪০৬৯/১৫

তারিখ : ৩১/০৩/১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ২। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ৪। আই.সি.টি ইউনিট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৫। অফিস কপি।

(মোঃ আলতাফ হোসেন)
উপ-বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।